

# ঢাকা বিশ্ববিদ্যালয় ও সাত কলেজে সোমবারের ক্লাস-পরীক্ষা স্থগিত

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ২৭ জানুয়ারী ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও এর অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের জেরে আজ সোমবার (২৭ জানুয়ারি) দুই প্রতিষ্ঠানের সব ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হয়েছে।

রোববার (২৬ জানুয়ারি) রাতে ঢাবির পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ঢাকা কলেজের অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে সাত কলেজের সব চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রক মো. বাহালুল হক চৌধুরী স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, পরবর্তীতে পরীক্ষার নতুন তারিখ জানানো হবে।

এর আগে, ঢাবি প্রশাসন সাত কলেজের শিক্ষার্থীদের সঙ্গে ঢাবির শিক্ষার্থীদের সংঘর্ষের ঘটনায় উদ্ভূত পরিস্থিতিতে সোমবারের সব ক্লাস ও

পরীক্ষা স্থগিতের ঘোষণা দেয়।

গতকাল সন্ধ্যায় সাত কলেজের শিক্ষার্থীরা পাঁচ দফা দাবি নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক মামুন আহমেদের সঙ্গে আলোচনায় যান। তবে শিক্ষার্থীদের অভিযোগ, তিনি তাঁদের অপমান করেন, যা নিয়ে উত্তেজনা তৈরি হয়।

এ ঘটনার প্রতিবাদে সাত কলেজের শিক্ষার্থীরা সায়েন্স ল্যাব মোড়ে অবরোধ করেন এবং রাত সাড়ে ১০টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের দিকে মিছিল নিয়ে আসেন।

এরপর ঢাবির বিভিন্ন হল থেকে শিক্ষার্থীরা বের হয়ে এসে সাত কলেজের শিক্ষার্থীদের ধাওয়া দেয়, পাল্টা ধাওয়া চলে রাত পৌনে ২টা পর্যন্ত। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হন।

সংঘর্ষ নিয়ন্ত্রণে আনতে পুলিশ সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে এবং পরে চার প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়।

রাত ৩টার দিকে সাত কলেজের শিক্ষার্থীরা আজ (সোমবার) সকাল ৯টা থেকে নিজ নিজ কলেজের সামনের সড়কে অবরোধ কর্মসূচির ঘোষণা দেন।

তাঁদের দাবি, "ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমাদের কোনো শত্রুতা নেই। আমাদের ওপর হামলা করেছে পুলিশ। তবে ঢাবির কিছু শিক্ষার্থী পুলিশকে উসকে দিয়েছে।"